

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কর্ণফুলী, চট্টগ্রাম।

তারিখঃ ০৯/০২/২০২৩ খ্রিঃ

স্মারক নম্বরঃ ৪১.০১.১৫৩৯.০০০.১৬.০৩৯.২৩ - ২২

বিষয়ঃ ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন এর শিডিউল প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ভাতার টাকা পেতে উদ্ভূত সমস্যা চিহ্নিতকরণ এবং ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্ত সময়সূচী অনুসারে আপনার ইউনিয়নে লাইভ ভেরিফিকেশন অনুষ্ঠিত হবে।

ইউনিয়নের নাম	তারিখ ও বার	ওয়ার্ড	উপকারভোগীর সংখ্যা			সময়
			বয়স্ক ভাতা	বিধবা ভাতা	প্রতিবন্ধী ভাতা	
চরলক্ষ্যা	১৯/০২/২০২৩ রবিবার	০১	৮৪	২৭	৫৭	সকাল ৯.৩০ - ০১.০০
		০২	৮৪	২৭	৫২	
চরলক্ষ্যা	২০/০২/২০২৩ সোমবার	০৩	১১৫	৩৬	৪০	সকাল ৯.৩০ - ০১.০০
		০৪	৮৬	৩৩	৫০	
চরলক্ষ্যা	২২/০২/২০২৩ মঙ্গলবার	০৫	৯৪	৩০	৫৮	সকাল ৯.৩০ - ০১.০০
		০৬	১১১	২৬	৬৫	
চরলক্ষ্যা	২৩/০২/২০২৩ বৃহস্পতিবার	০৭	৭৮	২৫	৪৫	সকাল ৯.৩০ - ০১.০০
		০৮	৭২	২৯	৫৬	
		০৯	৮৬	২৪	৫৫	
সর্বমোট			৮১০	২৫৭	৪৭৮	

উল্লেখ্য যে, ভাতাভোগীকে নির্ধারিত তারিখে স্ব-শরীরে নির্ধারিত স্থানে উপস্থিত হতে হবে। ভাতাভোগীকে তার ভোটার আইডি কার্ডের মূল কপি সাথে আনতে হবে। ভাতাভোগী যে মোবাইল নম্বরে ভাতার টাকা পেয়ে থাকেন সেই সিমটি একটি মোবাইলে চালু করে সাথে আনতে হবে। অনিবার্য কারণ ছাড়া কোন ভাতাভোগী অনুপস্থিত থাকলে তিনি মারা গেছেন বা ভাতা গ্রহণ করতে ইচ্ছুক নন মর্মে প্রতীয়মান হবেন এবং ভাতা তালিকা থেকে বাদ যাবেন।

নির্ধারিত তারিখে আপনার ইউনিয়নের সংশ্লিষ্ট ভাতাভোগীকে উপজেলা পরিষদ চম্বর, রিভার ভিউ কমিউনিটি সেন্টার, শিকলবাহা ক্রসিং, কর্ণফুলীতে প্রেরণ নিশ্চিত করে সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচীকে সাফল্যমন্ডিত করতে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

০৬

০৯-০২-২৩

(সবুর আলী)

উপজেলা সমাজসেবা অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম।

চেয়ারম্যান

চরলক্ষ্যা ইউনিয়ন পরিষদ

কর্ণফুলী, চট্টগ্রাম।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম।

২। উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী, চট্টগ্রাম।

৩। সদস্য (সকল ওয়ার্ড), চরলক্ষ্যা ইউনিয়ন পরিষদ (তার ওয়ার্ডের ভাতাভোগীদের উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ)

৪। সংরক্ষিত মহিলা সদস্য (সকল), চরলক্ষ্যা ইউনিয়ন পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম।

৫। অফিস কপি।